গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

# ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর উত্তম চর্চা ২০২০-২০২১

| ক্রম | উত্তম চর্চার শিরোনাম | বিবরণ | প্রমাণক (ভিডিও চিত্র/স্থির চিত্র/ অন্যান্য) |
|---|---|---|---|
| ১. | Enterprise Resource Management System (ERMS) প্রবর্তণ | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর নির্মাণ কাজের অর্ধেকের বেশী ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। মেট্রোরেল পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত বিপুল পরিমান সরঞ্জাম ও যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে/হচ্ছে। মেট্রো ট্রেনের নির্মাণ জাপানে পুরোদমে চলছে। এ প্রেক্ষাপটে ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন মেট্রোরেলসমূহে সরঞ্জাম, যন্ত্রপাতি, মেট্রোট্রেন এবং স্থাবর ও অস্থাবর সম্পত্তির ডাটাবেইজ তৈরী, সুষ্ঠু ব্যবস্থাপনা, সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ সুষ্ঠুভাবে করার নিমিত্ত ডিএমটিসিএল এর Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের কাজ শুরু করা হয়েছে। | পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের ১৫ জুন ২০২০ তারিখের সম্মতিপত্র |
| ২. | নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে এমআরটি লাইন-৬ এর কাজ অব্যাহত রাখা | নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে মেট্রোরেলের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে ও শারীরিক দুরত্ব বজায় রেখে প্রথম দিন থেকেই অব্যাহত রাখা হয়। প্রথম তিন মাস দেশে ও বিদেশে Home Assignment ও Home Office Assignment-এ Design-এর কাজ করা হয়। একই সঙ্গে কারখানায় সরঞ্জামাদি ও মেট্রো ট্রেন নির্মাণের কাজ অব্যাহত রাখা হয়। ৪র্থ মাস থেকেই COVID-19 Screeing ব্যবস্থা প্রবর্তণ করে মাঠ পর্যায়ের কাজ শুরু করা হয় এবং পর্যায়ক্রমে কাজের পরিধি বৃদ্ধি করা হয়। | মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী |
| ৩. | নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে এমআরটি লাইনসমূহে কর্মরত বিদেশী নাগরিকদের বাংলাদেশে প্রত্যাবর্তণের ব্যবস্থা করা | গত ৮ মার্চ ২০২০ তারিখ বাংলাদেশে প্রথম নভেল করোনা ভাইরাস (COVID-19) শনাক্ত হয় এবং ক্রমান্বয়ে শনাক্তের হার বৃদ্ধি পেতে থাকে। এ প্রেক্ষাপটে সরকার নভেল করোনা ভাইরাস (COVID-19) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাব রোধে গত ২৬ মার্চ ২০২০ তারিখ থেকে সাধারন ছুটি ঘোষণা করে। এ পরিস্থিতিতে এমআরটি লাইনসমূহে কর্মরত অধিকাংশ বিদেশী নাগরিকগণ নিজ নিজ দেশে প্রত্যাবর্তন করেন। বিদেশী নাগরিকদের বাংলাদেশে ফিরিয়ে এনে কাজে নিয়োজিত করার নিমিত্ত ডিএমটিসিএল বিশেষ উদ্যোগ গ্রহণ করে। এ উদ্যোগের ধারাবাহিকতায় MRT Line-6 এর নির্মাণস্থলের সন্নিকটে অস্থায়ী আবাসিক স্থাপনা নির্মাণ করা হয়। COVID-19 Positive জনবলকে হোম অথবা প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে রাখা নিশ্চিত করা হয়। প্রয়োজনে সরকারি বা চুক্তিবদ্ধ হাসপাতালে ভর্তি করা হয়। নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতি মোকাবেলায় ও কর্মরত বিদেশী | স্বাস্থ্য অধিদপ্তরের ১৬ সেপ্টেম্বর ২০২০ তারিখের অনুমোদনপত্র এবং ১৩ জুলাই ২০২০ তারিখে ডিএমটিসিএল হতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর প্রেরিত পত্র |

| ক্রম | উত্তম চর্চার শিরোনাম | বিবরণ | প্রমাণক (ভিডিও চিত্র/স্থির চিত্র/ অন্যান্য) |
|---|---|---|---|
| | | জনবলের COVID-19 চিকিৎসায় আস্থা সৃষ্টির লক্ষ্যে গাবতলীস্থ কন্সট্রাকশন ইয়ার্ডে ১০ শয্যা বিশিষ্ট এবং উত্তরাস্থ পঞ্চবটি কন্সট্রাকশন ইয়ার্ডে ১৪ শয্যা বিশিষ্ট Isolation Center (Field Hospital) নির্মাণ করা হয়। এতে বিদেশী নাগরিকদের বাংলাদেশে ফিরে আসার আগ্রহ সৃষ্টি হয়। বিভিন্ন দেশের সঙ্গে বিমান চলাচল বন্ধ থাকা সত্ত্বেও বিশেষ উদ্যোগে বিদেশী পরামর্শক ও ঠিকাদারী প্রতিষ্ঠানের জনবলকে বাংলাদেশে ফিরিয়ে এনে কাজে নিয়োজিত করা হয়। | |
| ৪. | ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মচারীদের জন্য করোনা সহায়তা তহবিল গঠন | ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মচারীদের মধ্যে ১১-২০ গ্রেডের যে সকল কর্মচারী নভেল করোনা ভাইরাস (COVID-19)-এ আক্রান্ত হয়েছেন/হচ্ছেন তাঁদেরকে প্রয়োজনে সহায়তা করার নিমিত্ত ১-১০ গ্রেডের কর্মচারীগণ স্বেচ্ছা অনুদান প্রদান করে **করোনা সহায়তা তহবিল** গঠন করেছেন। নির্ধারিত গ্রেডের করোনা আক্রান্ত কর্মচারীদের এ তহবিল হতে প্রয়োজন অনুযায়ী সহায়তা প্রদান করা হচ্ছে। | মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী |
| ৫. | মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে ডিএমটিসিএল এর খ্রিস্টিয় বর্ষপঞ্জি ২০২০ ছাপানো | স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর খ্রিস্টিয় বর্ষপঞ্জি ছাপানো হয়। |  |
| ৬. | মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে **নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান** এবং **বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানতে বাংলাদেশকে জানো** স্লোগান সম্বলিত দুইটি পৃথক পোস্টার ছাপানো। | মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে **নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান** এবং **বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানতে বাংলাদেশকে জানো** স্লোগান সম্বলিত দুইটি পৃথক পোস্টার বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্টের উভয় পার্শ্বে লাগানো হয়েছে। | <br><br><br> |
| ৭. | মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে **স্বপ্নের বাস্তবায়ন: মেট্রোরেল** এবং **Dream Comes True: Metro Rail** নামে বাংলা ও ইংরেজিতে একত্রে মিনি পুস্তিকা প্রকাশ | **স্বপ্নের বাস্তবায়ন: মেট্রোরেল** এবং **Dream Comes True: Metro Rail** নামে বাংলা ও ইংরেজিতে একত্রে মিনি পুস্তিকা প্রকাশ করা হয়েছে। | <br> |